

প্রধানমন্ত্রী ভুটানের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন

মার্চ 15, 2024

প্রধানমন্ত্রী শ্রীনবেন্দ্র মোদী 14 মার্চ 2024 তারিখে নয়াদিল্লিতে ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং তোবগে-এর সঙ্গে দেখা করেন।

প্রধানমন্ত্রী শেরিং তোবগে একটি সরকারি সফরে ভারতে এসেছেন, 2024 সালের ফেব্রুয়ারিতে দায়িত্ব গ্রহণের পরে এটি তাঁর প্রথম বিদেশ সফর।

উভয় নেতাই দ্বিপাক্ষিক অংশীদারিত্বের বিভিন্ন ক্ষেত্রে অগ্রগতি পর্যালোচনা করেন, যার মধ্যে রয়েছে অবকাঠামো উন্নয়ন, সংযোগ, জ্বালানি, জলবিদ্যুৎ সহযোগিতা, জনগণের মধ্যে বিনিময় এবং উন্নয়ন সহযোগিতার মতো বিষয়গুলি। তাঁরা বিশেষ এবং অনন্য ভারত-ভুটান বন্ধুত্বকে আরও শক্তিশালী করার জন্য তাঁদের প্রতিশ্রুতির কথাও পুনর্ব্যক্ত করেছেন।

ভুটানের প্রধানমন্ত্রী ভুটানের উন্নয়ন অগ্রাধিকারগুলিতে একটি নির্ভরযোগ্য, বিশ্বস্ত এবং মূল্যবান অংশীদার হিসেবে ভারতের ভূমিকার জন্য তাঁর গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

ভুটানের মহামান্য রাজার পক্ষ থেকে, প্রধানমন্ত্রী শেরিং তোবগে আগামী সপ্তাহে প্রধানমন্ত্রী মোদীকে ভুটান সফরের আমন্ত্রণ জানিয়েছেন। প্রধানমন্ত্রী আমন্ত্রণ গ্রহণ করেন।

নতুন দিল্লি

মার্চ 15, 2024